

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.১০৮.০১১.০২.২০.০০৫.২০১২-১০২

তারিখ : ১৫ মে, ২০১৭

বিষয় : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যানবুরোর ২য় শ্রেণির সহকারী কার্টোগ্রাফার (মুক্তিযোদ্ধা কোটা) ০১ (এক) টি শূন্য পদের প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ সংক্রান্ত।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যানবুরোর ২য় শ্রেণির সহকারী কার্টোগ্রাফার (মুক্তিযোদ্ধা কোটা) ০১ (এক) টি শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকাতে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে :

পদের নাম	প্রার্থীদের রেজিঃ নং	সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময়
সহকারী কার্টোগ্রাফার (মুক্তিযোদ্ধা কোটা)	০০০০০১,০০০০০২ = ০২ জন	২৫-০৫-২০১৭ বৃহস্পতিবার সকাল ১০.৩০ ঘটিকায়

২। বর্ণিত মৌখিক/সাক্ষাৎকার পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নামে ইতোমধ্যে ডাকযোগে সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পদের কোন যোগ্য প্রার্থী সাক্ষাৎকারপত্র না পেয়ে থাকলে আগামী ২৪ মে, ২০১৭ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টা হতে বিকাল ৩.০০ টার মধ্যে দুইকপি সত্যায়িত ছবিসহ পরিচালক ইউনিট-৮ এর বরাবর আবেদন করে ডুপ্লিকেট সাক্ষাৎকারপত্র সংগ্রহ করতে পারবেন।

৩। প্রার্থী চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্র অবশ্যই মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে। এছাড়া আবেদনপত্র ত্রয়ের ব্যাংক রশিদের মূল কপি, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতা, মুক্তিযোদ্ধা সনদ ও অভিজ্ঞতা সনদসহ (প্রযোজ্য ক্ষেত্রে) অন্যান্য সকল সনদের মূল কপি সাক্ষাৎকার বোর্ডে প্রদর্শন করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থী মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবেন না।

৪। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের মূল আবেদনপত্র (Bpsc ফরম-৩) কমিশনের ওয়েব সাইট হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপিসহ ০১ সেট কাগজপত্র পরীক্ষার দিন সংশ্লিষ্ট সাক্ষাৎকার বোর্ডে জমা দিতে হবে।

৫। পরবর্তীতে কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৬। বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট : www.bpsc.gov.bd থেকে এ বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

* পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন।

* চাকুরীর ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)